

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৬২) নামাযের পর হাত উত্তোলন করে দু'আ করার বিধান কি?

নামায শেষে হাত তুলে দু'আ করা শরীয়ত সম্মত নয়। দু'আ করতে চাইলে নামাযের মধ্যে দু'আ করা উত্তম।
একারণে ইবনে মাসঊদ বর্ণিত তাশাহুদ শিক্ষার হাদীছে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নির্দেশ দিয়েছেনঃ
ثُمَّ لُيْتَخَيَّرْ بَعْدُ مِنَ الْمَسْأَلَةِ مَا شَاءَ

"তারপর ইচ্ছামত যে কোন দু'আ পাঠ করবে।"

সাধারণ মানুষ অনেকেই ফরয বা সুন্নাত যে কোন নামায শেষ হলেই হাত তুলে দু'আ আরম্ভ করে। এমনকি এদের অধিকাংশ এ কাজ কখনই পরিত্যাগ করে না।□

অনেক লোক এমন দেখবেন ফর্য নামায শুরু হয়ে যাচ্ছে আর সে সুন্নাত নামাযের তাশাহুদে বসে আছে। সালাম ফেরানো হলেই হাত উঠাবে কিছু বলল কি না আল্লাহই জানেন আবার হাত মুখে মুছে ফেলবে। মনে করে নামায শেষ করে হাত দু'টো না উঠালে যেন নামাযটাই সুন্দর হল না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=792

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন